

সমকাল

রোববার, ১৮ সেপ্টেম্বর ২০২২

অগ্নিনির্বাপক যন্ত্রের মান নিশ্চিত করার সুপারিশ

■ শিল্প ও বাণিজ্য ডেস্ক

ইলেকট্রনিক্স সেফটি অ্যান্ড সিকিউরিটি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ইসাব) অগ্নিনির্বাপক যন্ত্রের যথাযথ মান নিশ্চিত করতে বিএসটিআইর কাছে সুপারিশ করেছে। বৃহস্পতিবার ইসাবের সভাপতি জহির উদ্দিন বাবরের নেতৃত্বে একটি প্রতিনিধি দল বিএসটিআইর মহাপরিচালক ড. মো. নজরুল আনোয়ারের সঙ্গে সৌজন্য সাক্ষাতের সময় এ সুপারিশ করে। সংগঠনটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

ইসাব সভাপতি বলেন, ক্রেতাদের কাছে মানসম্মত অগ্নিনির্বাপক যন্ত্র নিশ্চিত করতে বিএসটিআইর গুরুত্ব অনস্বীকার্য। তিনি বলেন, নিম্নমানের অগ্নিনির্বাপক যন্ত্র ভয়াবহ দুর্ঘটনার কারণ হতে পারে এবং বিভিন্ন স্থানে এ রকম দুর্ঘটনার নজির রয়েছে। তিনি জানান, প্রতিনিয়ত অগ্নিনির্বাপক যন্ত্রের বাজার বড় হচ্ছে। তাই পণ্য আমদানি এবং বাজারজাতকরণে প্রতিটি ধাপে যথাযথ মান নিশ্চিত করতে হবে এবং সেসঙ্গে বিএসটিআইর সেবা ব্যবসায়ীদের জন্য আরও সহজ করার অনুরোধ জানান।

ইসাবের জ্যেষ্ঠ সহসভাপতি নিয়াজ আলী চিশতী বলেন, তাঁদের সংগঠন নকল এবং নিম্নমানের পণ্য প্রতিরোধে বিএসটিআইর সঙ্গে সমন্বিতভাবে কাজ করতে বন্ধপরিকর। ইসাব তার প্রকৌশল সক্ষমতা দিয়ে বিএসটিআইকে সহযোগিতা করতে একান্তভাবে আগ্রহী।

ইসাবের মহাসচিব এম মাহমুদুর রশিদ বলেন, নকল এবং নিম্নমানের পণ্য প্রতিরোধে ইসাব এরই মধ্যে একটি কমিটি গঠন করেছে। তিনি বলেন, অগ্নিনির্বাপক যন্ত্রের মান পরীক্ষায় বেশকিছু বৈষম্য রয়েছে, যেগুলো দ্রুত চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। একই সঙ্গে প্রয়োজন ব্যাপক জনসচেতনতা এবং বিএসটিআইর কঠোর পদক্ষেপ।

বিএসটিআই মহাপরিচালক জানান, বিএসটিআই এরই মধ্যে খুলনায় একটি আন্তর্জাতিক মানের পরীক্ষাগার স্থাপন করেছে এবং শিগগিরই চট্টগ্রামেও চালু করা হবে। যার মাধ্যমে বিদেশ থেকে পণ্য আমদানি আরও সহজতর হবে। বিএসটিআই অনলাইনের মাধ্যমে এখন সেবা দিচ্ছে। যার ফলে আরও দ্রুত সেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

ইসাবের পরিচালনা পর্ষদের পক্ষে আরও উপস্থিত ছিলেন সহসভাপতি মো. ওয়াহিদ উদ্দিন, পরিচারক মো. নূর নবী এবং ইঞ্জিনিয়ার মো. আল ইমরান হোসেন।